



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়
মোহনপুর সরকারি উচ্চ বিদ্যালয়
রাজশাহী



www.mghsraj.edu.bd

স্মারক নং- মসউবি/১০৮ (৩)

তারিখ : ২৮/১১/২০২৩ খ্রি.

ভর্তি নোটিশ

এতদ্বারা মোহনপুর সরকারি উচ্চ বিদ্যালয়ে ২০২৪ শিক্ষাবর্ষে ষষ্ঠ, অষ্টম, নবম শ্রেণিতে ডিজিটাল অনলাইন লটারির মাধ্যমে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, আগামী ২৯ ও ৩০ শে নভেম্বর ২০২৩ খ্রি. বেলা ১০ টা হতে দুপুর ১ টার মধ্যে কাগজপত্র যাচাই-বাছাই করে ০১ ডিসেম্বর সরকার নির্ধারিত ফি অনলাইনে পরিশোধ সাপেক্ষে ভর্তি করানো হবে। বিধায় উক্ত ২ (দুই) দিন নিম্নে উল্লেখিত কাগজপত্র নিয়ে বিদ্যালয়ে উপস্থিত হওয়ার জন্য বলা হলো।

- ১। ভর্তি আবেদনপত্র।
- ২। ভর্তির জন্য নির্বাচিত ব্যক্তিগত ফলাফল সিট।
- ৩। ষষ্ঠ, অষ্টম, নবম শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে পূর্ববর্তী শ্রেণি পাশের সনদপত্র।
- ৪। অনলাইন জন্ম সনদ ভ্যারিফিকেশন (কালার প্রিন্ট) কপি।
- ৫। পিতা ও মাতার ভোটার আইডি কার্ডের ফটোকপি।
- ৬। পাসপোর্ট সাইজের ১ (এক) কপি ছবি।
- ৭। কোটায় নির্বাচিতদের প্রয়োজনীয় প্রমাণপত্র।
- ৮। ছবি ও ফটোকপি রাজস্ব খাতভুক্ত মূল পদের বেতন সর্বনিম্ন- ৯ম গ্রেড প্রাপ্ত "পূর্বের প্রথম শ্রেণি" কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।
- ৯। বিদ্যালয় হতে সরবরাহকৃত ভর্তি ফরম তাৎক্ষণিক পূরণ করে জমা দিতে হবে।

সকল কাগজপত্র একসাথে করে উপরে ছবি দিয়ে স্ট্যাপলার মেরে জমা দিতে হবে। শিক্ষার্থী, পিতা, মাতার নামের বানান সকল সনদে একই হতে হবে। কোনরূপ গরমিল বা অসত্য প্রমাণিত হলে শিক্ষার্থী ভর্তি করানো হবে না।

(মোঃ আবুল হোসাইন)

প্রধান শিক্ষক

মোহনপুর সরকারি উচ্চ বিদ্যালয়
রাজশাহী

mghs126781@gmail.com

☎ 02588869018